তারিখ ... 20|২|83 ...
পৃষ্ঠা ... ১ কলাম ৮ ...

ইত্তেফাক

# পিটিআই পাঠক্রম দুই বছরে উন্নীত করার সিদ্ধান্ত

সরকার প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণকে বর্তমানের এক বছর হইতে দুই বছরের পাঠক্রম কর্মসূচীতে উন্নীত করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

গতকাল (মঙ্গলবার) ঢাকায় এক সরকারী সূত্রের বরাত দিয়া বাসস জানায়, আগামী সেপ্টেম্বর মাস হইতে এই নয়া কর্মসূচী দেশের ৪৯টি প্রাইমারী ট্রেনিং ইনষ্টিটিউটে কার্যকর হইবে। এই নয়া কর্মসূচীর লক্ষ্য হইতেছে প্রাইমারী স্কুল শিক্ষাদান ব্যবস্থাকে জোরদার করা এবং প্রাইমারী স্কুলের শিক্ষকদের উচ্চতর

(৮ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## পিটিআই পাঠক্রম

(১ম পৃঃ পর)

প্রশিক্ষণ ও শিক্ষাগত অভিজ্ঞতা প্রদান।

উক্ত সূত্রে বলা হয়, এই নয়া কর্মসূচী চালুর মৌল উদ্দেশ্য হইতেছে প্রাথমিক শিক্ষকদের জন্য অভিন্ন ও উন্নীত নূন্যতম শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিত করা এবং তাহাদের ভবিষ্যৎ জীবনে অগ্রগতির আরও সুযোগ সৃষ্টি।

নয়া দুই বছরের কর্মসূচী চালু হওয়ার পর পিটিআই প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তিরা বর্তমানের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি সমতুল্য সার্টিফিকেট লাভ করিবেন এবং শিক্ষকতা বা সাধারণ স্নাতক ডিগ্রী লাভের উচ্চতর শিক্ষা ক্ষেত্রে প্রবেশের প্রয়োজনীয় যোগ্যতা অর্জন কারী বলিয়া গণ্য হইবেন। অধিকন্তু প্রাইমারী স্কুলে শিক্ষকত গ্রহণের সুযোগ থাকিয়া যাইবে।

উক্ত সূত্রে অবশ্য সুস্পষ্টভাবে বলা হয় যে, নয়া কর্মসূচীর দরুন এক বছরের প্রশিক্ষণপ্রাপ্ত প্রাইমারী স্কুল শিক্ষকরা কোনভাবেই ক্ষতিগ্রস্ত হইবে না। নয়া কর্মসূচীর প্রধান লক্ষ্য হইতেছে প্রাথমিক শিক্ষকের পেশায় অধিকতর মেধাবী লোকদের আকৃষ্ট করা এবং শিক্ষার পটভূমি ও শিক্ষকতার দক্ষতা বৃদ্ধি করিয়া দেশে প্রাথমিক শিক্ষার মানউন্নয়ন এবং প্রাইমারী ট্রেনিং কর্মসূচীকে উচ্চতর শিক্ষার সঙ্গে সম্পৃক্তকরণ।

জাতীয় পাঠক্রম উন্নয়ন কেন্দ্র (এনসিডিসি) নয়া কর্মসূচীর পাঠ্যসূচী প্রণয়নে এখন ব্যস্ত। আশা করা হইতেছে এনসিডিসি আগামী মাসের মধ্যেই পাঠ্যসূচী চূড়ান্ত করিতে সক্ষম হইবে। পরীক্ষা গ্রহণ ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ের প্রয়োজনীয় বিস্তারিত দিক প্রণয়ন করা হইতেছে।

নয়া কর্মসূচী অনুযায়ী পিটিআই-এর ছাত্ররা চা[illegible] না পাওয়া পর্যন্ত মাসিক ১৫০ টাকা হারে ষ্টাইপেণ্ড লাভ করিবে। তন্মধ্যে শতকরা ৫০ ভাগ হইবে ডেপুটেড প্রাইমারী শিক্ষক এবং অবশিষ্টরা হইবে বহিরাগত।

উক্ত সূত্রে বলা হয়, যে সব ছাত্র ষ্টাইপেণ্ড লাভ করিবে তাহাদের অন্তত: পাঁচ বছর সরকারের চাকুরী করিতে হইবে। অতঃপর তাহারা তাহাদের পেশা পরিবর্তন বা উচ্চতর শিক্ষায় পুনঃপ্রবেশের অনুমতি পাইতে পারে।

053